

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৬/২০১৪

অভিযোগকারী : মুন্সি মোঃ মহসীন শাহীন

কম্পিঃ প্রদর্শক

শেখ বোরহানুদ্দিন কলেজ

৬২, নাজিমুদ্দিন রোড, ঢাকা-১১০০।

প্রতিপক্ষ : জনাব মোঃ আব্দুর রহমান

অধ্যক্ষ

শেখ বোরহানুদ্দিন কলেজ

৬২, নাজিমুদ্দিন রোড, ঢাকা-১১০০।

## সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৪-০৩-২০১৪ ইং)

অভিযোগকারী মুন্সি মোঃ মহসীন শাহীন, গত ০৪-০২-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে শেখ বোরহানুদ্দিন কলেজ কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করা হয়নি। অভিযোগে উল্লেখ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ না করার ফলে তিনি তথ্য প্রাপ্তির আবেদন দাখিল করতে পারেননি।

০২। বিষয়টি কমিশনের ০৬-০৩-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৪-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী মুন্সি মোঃ মহসীন শাহীন ও প্রতিপক্ষ শেখ বোরহানুদ্দিন কলেজ এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ আব্দুর রহমান হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, উক্ত কলেজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ না দেয়ায় তিনি কলেজের কিছু তথ্য চেয়ে আবেদন করতে পারছেন না।

০৪। শেখ বোরহানুদ্দিন কলেজ এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে অবগত ছিলেন না। সমন প্রাপ্তির পর তথ্য অধিকার আইন সম্পর্কে অবগত হয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ দেয়া হয়েছে মর্মে কমিশনকে অবহিত করেন এবং আইন সম্পর্কে অবহিত না থাকার জন্য দুঃখ প্রকাশ করেন।

০৫। অধ্যক্ষ হিসেবে তিনি নিজে অথবা কলেজের অন্য কোন শিক্ষককে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ দেয়া যেতে পারে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর আপীল কর্তৃপক্ষ (আরটিআই) কলেজের গর্ভনিংবডি'র সভাপতি হবেন বলে কমিশন অভিমত প্রকাশ করেন।

## পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অধ্যক্ষ তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে অবগত ছিলেন না। পরবর্তীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ দেয়া হয়েছে। কলেজের অধ্যক্ষ স্বয়ং অথবা কলেজের অন্য কোন শিক্ষককে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হিসেবে নিয়োগ প্রদান এবং আপীল কর্তৃপক্ষ (আরটিআই) হিসেবে কলেজের গর্ভনিংবডি'র সভাপতি'কে নির্ধারণপূর্বক কমিশনকে অবগত করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তি বলে গণ্য করা যায়।

(অ:প্:দ্র:)

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। অধ্যক্ষ নিজে অথবা কলেজের অন্য কোন শিক্ষককে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ দিয়ে ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) হিসেবে কলেজের গর্ভনিংবডি'র সভাপতিকে নির্ধারণ করে কমিশনকে অবগত করার জন্য শেখ বোরহানুদ্দিন কলেজ এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ কে নির্দেশনা দেয়া হলো।
- ২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগের পর অভিযোগকারী কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবর তথ্য প্রাপ্তির আবেদন করা হলে, তথ্য মূল্য প্রাপ্তি সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য প্রদানের জন্য নির্দেশনা দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. সাদেকা হালিম)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ আবু তাহের)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার